**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ ট্যারিফ কমিশন**
**১ম ১২তলা সরকারি অফিস ভবন**
**সেগুনবাগিচা,ঢাকা ।**
www.btc.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জহির উদ্দিন আহমেদ এনডিসি
চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন।

সভার তারিখ ও সময় : ১২ সেপ্টেম্বর ২০১৮ , বেলা ১২ ঘটিকা।

সভার স্থান : কমিশনের সভা কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে দেখানো হয়েছে।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতির সম্মতিক্রমে কমিটির সদস্য সচিব মিজ রমা দেওয়ান সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। এপর্যায়ে সদস্য সচিব জানান যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য কর্মপরিকল্পনা অনুসারে প্রত্যেকটি কাজের অগ্রগতি উল্লেখপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। অত:পর সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুসারে কর্মপরিকল্পনার ওপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| বিষয় | অগ্রগতি আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা :** | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন। | সভায় জানানো হয় যে, প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১টি করে সভা করার বাধ্যবাধকতা রয়েছে। নিয়মিত সভা আয়োজন করা হচ্ছে। **নির্ধারিত সময়ের মধ্যে সভা করতে হবে।** | শাহ মো: আবুরায়হান আলবেরুনী, ফোকাল পয়েন্ট |
| ১.২. নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হচ্ছে। | NIS বাস্তবায়ন টিম |
| ১.৩. স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ। | শুদ্ধাচার সেবাবক্সে প্রয়োজনীয় তথ্য হালনাগাদকরণ করা হয়েছে। **হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে।** | আকরাম হোসেন, সিস্টেম এনালিস্ট |
| ১.৪. উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ। | উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। **কাজটি নিষ্পন্ন হিসেবে গণ্য।** | মো: নজরুল ইসলাম, সচিব |
| **২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন:** | | |
| ২.১. অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা আয়োজন করা। | প্রমাপ অনুযায়ী সভা আয়োজন করতে হবে। **২য় কোয়ার্টার ও ৪র্থ কোয়ার্টারে অংশীজনের (stakeholder) অংশগ্রহণে ১টি করে সভা আয়োজন করতে হবে।** | NIS বাস্তবায়ন টিম |
| ২.২.কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচারণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪, ও অনুরুপ অন্যান্য বিধি/বিধান সম্পর্কে সম্পর্কে প্রশিক্ষণ আয়োজন। | কর্মপঞ্জি অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন করতে হবে। **২য় কোয়ার্টারে ৩০ জন ও ৪র্থ কোয়ার্টারে ৩০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।** | মো: নজরুল ইসলাম, সচিব |
| ২.৩. জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান। | এ বিষয়ে ২য় কোয়ার্টারে ৩০ জন ও ৪র্থ কোয়ার্টারে ৩০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। | NIS বাস্তবায়ন টিম |

| বিষয় | অগ্রগতি আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| | | |
| **৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/ বিধি/ নীতিমালা/ ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/ পরিপত্র এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন:** | | |
| ৩.১. বাংলাদেশ ট্যারিফ কমিশন আইন সংশোধন। | বাংলাদেশ ট্যারিফ কমিশন আইন, ১৯৯২ সংশোধন প্রস্তাব মন্ত্রিপরিষদে উপস্থাপিত হয়েছে। **অগ্রগতি বিষয়ে হালনাগাদ থাকতে হবে।** | মো: নজরুল ইসলাম, সচিব |
| ৩.২.বাংলাদেশ ট্যারিফ কমিশন প্রবিধানের খসড়া প্রণয়ন ও বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ। | বাংলাদেশ ট্যারিফ কমিশন প্রবিধানের খসড়া প্রণয়ন করেতে হবে। **প্রবিধানের খসড়া প্রণয়ন করে ৪র্থ কোয়ার্টারে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।** | মো: নজরুল ইসলাম, সচিব |
| **৪. তথ্য অধিকার সম্পর্কিত কার্যক্রম :** | | |
| ৪.১.স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ। | তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণের কাজ চলমান আছে। **তথ্য অধিকার সেবাবক্স নিয়মিত হালনাগাদ রাখতে হবে।** | শরিফুল ইসলাম, পিআরও |
| ৪.২. তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন। | তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। **দ্রুততম সময়ে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন করতে হবে।** | শরিফুল ইসলাম, পিআরও |
| ৪.৩. দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব স্ব তথ্য বাতায়নে সংযুক্তকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারিদেরকে অবহিতকরণ। | দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) কমিশনের তথ্য বাতায়নে সংযুক্তকরে তা কর্মকর্তা-কর্মচারিদেরকে **অবহিতকরণ করতে হবে।** | আকরাম হোসেন, সিস্টেম এনালিস্ট ও শরিফুল ইসলাম, পিআরও |
| ৪.৪.তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ। | প্রতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রার নির্ধারিত তারিখের মধ্য হালনাগাদকরণের কাজ **সম্পন্ন করতে হবে।** | শরিফুল ইসলাম, পিআরও |
| ৪.৫.তথ্য অধিকার আইন. ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারিদেরকে অবহিতকরণ। | তথ্য অধিকার আইন ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং বিধিমালা, ২০১৭ বিষয়ে **কর্মকর্তা-কর্মচারিদেরকে অবহিতকরণ প্রশিক্ষণ ১ম ও ৩য় কোয়ার্টারে সম্পন্ন করতে হবে।** | মো:নজরুল ইসলাম, সচিব |
| ৪.৬. স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ। | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে আগামী **২৫ নভেম্বর ২০১৮ তারিখের মধ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।** | শরিফুল ইসলাম, পিআরও |
| **৫. ই-গভর্নেন্স বাস্তবায়ন:** | | |
| ৫.১. দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/ এসএমএস)-এর ব্যবহার | দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম ই-মেইল/ এসএমএস ব্যবহৃত হচ্ছে। **অব্যাহত রাখতে হবে।** | শরিফুল ইসলাম, পিআরও |
| ৫.২.ভিডিও/অনলাইন/টেলি-কনফারেন্স আয়োজন (স্কাইপ/ ম্যাসেন্জার, ভাইবার ব্যবহারসহ) | ৪র্থ কোয়ার্টারে একটি অনলাইন কনফারেন্সর **আয়োজন করতে হবে।** | আকরাম হোসেন, সিস্টেম এনালিস্ট |
| ৫.৩.দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার | দাপ্তরিক কাজে শতভাগ ইউনিকোড ব্যবহৃত হচ্ছে। **অব্যাহত রাখতে হবে।** | সকল কর্মকর্তা |
| ৫.৪. ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | কমিশনের প্রকিউরমেন্ট যত বেশী সংখ্যক সম্ভব **ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।** | মো:নজরুল ইসলাম, সচিব |

| বিষয় | অগ্রগতি আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৫.৫. দপ্তর/সংস্থায় চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ। | অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত পরিবীক্ষণ কার্যক্রম **অব্যাহত রাখতে হবে।** | মো:নজরুল ইসলাম, সচিব |
| ৫.৬. সোস্যাল মিডিয়ার ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধান। | দাপ্তরিক সোশ্যাল মিডিয়া পেজ চালু করা হয়েছে। সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬ অনুসরণ করে **নিয়মিত আপডেট করতে হবে।** | আকরাম হোসেন, সিস্টেম এনালিস্ট |
| **৬. উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ :** | | |
| ৬.১.বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন। | বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন করা হয়েছে। **কাজটি নিষ্পন্ন হিসেবে গণ্য।** | সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন অফিসার |
| ৬.২. বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত কার্যক্রম বাস্তবায়ন। | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত কার্যক্রম **শতভাগ বাস্তবায়ন করতে হবে।** | সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন অফিসার |
| ৬.৩. চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/ সহজীকৃত সেবা পরিবীক্ষণ। | চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/ সহজীকৃত সেবা **পরিবীক্ষণের কার্যক্রম গ্রহণ করতে হবে।** | সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন অফিসার |
| **৭. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ :** | | |
| ৭.১. পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ক্রয়-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন। | ক্রয়-পরিকল্পনা ২০১৮-১৯ গত ১৯ জুলাই ২০১৮ তারিখে প্রণয়ন করা হয়েছে। **কাজটি নিষ্পন্ন হিসেবে গণ্য।** | মো: নজরুল ইসলাম সচিব |
| ৭.২. স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ। | ২য় কোয়ার্টার ও ৪র্থ কোয়ার্টারে ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স **হালনাগাদকরণ করতে হবে।** | আকরাম হোসে ও শরিফুল ইসলাম |
| ৭.৩. দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি কার্যক্রম **মনিটরিং করতে হবে।** | মো: নজরুল ইসলাম সচিব |
| ৭.৪. দপ্তর/সংস্থার শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শন | ২য় কোয়ার্টারে মধ্য কমিশনের সকল শাখা/অধিশাখা **আকস্মিক পরিদর্শন সম্পন্ন করতে হবে।** | ফাংশনাল বিভাগ প্রধানগণ |
| ৭.৫. সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ | সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণের কাজ প্রত্যক কোয়ার্টারে **শত ভাগ সম্পন্ন করতে হবে।** | ফাংশনাল বিভাগ প্রধানগণ ও সচিব |
| ৭.৬. গণশুনানী আয়োজন | তৃতীয় কোয়ার্টারে গণশুনানীর **আয়োজন করতে হবে।** | ফাংশনাল বিভাগ প্রধানগণ |
| **৮. দপ্তর/সংস্থার শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম:** | | |
| ৮.১. নৈতিকতা সম্পর্কিত পোস্টার/ লিফলেট/ভাজ তৈরির ও বিলির ব্যবস্থা গ্রহণ | নৈতিকতা সম্পর্কিত পোস্টার/লিফলেট/ভাজ তৈরির ও বিলির **ব্যবস্থা গ্রহণ করতে হবে।** | মো: নজরুল ইসলাম সচিব |
| ৮.২. বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/ গ্যাস) এর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ | বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/গ্যাস) এর সাশ্রয়ী/সর্বোত্তম **ব্যবহার নিশ্চিত করতে হবে।** | মো: নজরুল ইসলাম সচিব |
| ৮.৩. কর্মকর্ত-কর্মচারি বদলীকালে প্রমিত নিয়ম-নীতি অনুসরণ | কর্মকর্ত-কর্মচারি বদলীকালে প্রমিত **নিয়ম-নীতি অনুসরণ করতে হবে।** | মো: নজরুল ইসলাম সচিব |

| বিষয় | অগ্রগতি আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **৯. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান:** | | |
| ৯.১. শুদ্ধাচার পুরস্কার প্রদান | শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুসারে **৪র্থ কোয়ার্টারে কার্যক্রম গ্রহণ করতে হবে।** | NIS ফোকাল পয়েন্ট ও প্রশাসন |
| **১০. অর্থ বরাদ্দ :** | | |
| ১০.১. শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ২,১৩,০৫০.০০ টাকা। **আর্থিক বিধিবিধান অনুসরণ করে কার্যক্রম গ্রহণ করতে হবে।** | NIS ফোকাল পয়েন্ট ও প্রশাসন |
| **১১. পরিবীক্ষণ ও মূল্যায়ন :** | | |
| ১১.১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়ে দাখিল | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রনয়ণ সম্পন্ন। **কাজটি নিষ্পন্ন হিসেবে গণ্য।** | NIS ফোকাল পয়েন্ট ও প্রশাসন |
| ১১.২. নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ **প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।** | আকরাম হোসেন, সিস্টেম এনালিস্ট |

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে আলোচ্যসূচিতে সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭.০৭.২০১৮

(জহির উদ্দিন আহমেদ এনডিসি)
চেয়ারম্যান

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভায় উপস্থিতি তালিকা

স্থান: কমিশনের সভা কক্ষ
তারিখ: ১২ সেপ্টেম্বর ২০১৮
সময় : বেলা ১২.০০ টা।

| নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | শেখ আব্দুল মান্নান, সদস্য | [signature] ১২/৯/১৮ |
| ২. | [illegible] | [signature] |
| ৩. | সেলিমা সুলতানা, সদস্য | [signature] ১২/৯/১৮ |
| ৪. | মো: নজরুল ইসলাম, সদস্য | [signature] |
| ৫. | মাহমুদা উপপরিচালক (নি. সহকারী সচিব) | [signature] ১২/০৯/১৮ |
| ৬. | মোহাম্মদ মোস্তফা, উপ-প্রধান | [signature] ১২/৯/১৮ |
| ৭. | মো: আসিফুল আলম, উপ-প্রধান | [signature] ১২/৯/১৮ |
| ৮. | | |
| ৯. | | |
| ১০. | | |
| ১১. | | |
| ১২. | | |
| ১৩. | | |